


সবার জন্য জানার অধিকার

১. কোস্ট ট্রাস্ট একটি বেসরকারি উন্নয়ন সংস্থা বা এনজিও। সংস্থাটি ১৯৯৮ সাল থেকে উপকূলীয় দরিদ্র জনগোষ্ঠী, বিশেষ করে নারী ও শিশুদের জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে। কাজগুলি প্রধানত তিনি ধরণের; ক. উন্নয়ন কর্মকাণ্ড (ক্ষুদ্র ঝণ, আয় বৃদ্ধি মূলক দক্ষতা উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য, মানবাধিকার ইত্যাদি), খ. অধিগরামণ (উপকূলীয় জনগণকে দুর্ভোগ, নদী ভাঙ্গন ও জলবায়ু প্রভাবজনিত ক্ষয়ক্ষতি থেকে সুরক্ষায় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রচারাভিযান), গ. মানবিক কর্মকাণ্ড (আইলা, সিডর, রোয়ানু, বুলবুল, রোহিঙ্গা সমস্যায় পতিত জনগণের জন্য খাদ্য, স্যানিটেশন ও স্বাস্থ্য সহায়তা)।
২. কোস্ট এর সর্বোচ্চ পরিচালনা কর্তৃপক্ষ সাধারণ পর্ষদে আছেন ৬ জন উপকারভোগীর প্রতিনিধিসহ আরও ১৫ জন দেশবরেণ্য সম্মানিত নাগরিক, যারা নিয়মিত সভা করে সংস্থার অগ্রগতি পর্যালোচনা এবং ভবিষ্যৎ দিক-নির্দেশনা দিয়ে থাকেন।
৩. সংস্থাটি বাংলাদেশ সরকারের এনজিও বিষয়ক বুয়রো এবং মাইক্রোফ্রেডিট রেগুলেটরি অথোরিটি থেকে রেজিস্ট্রেশন প্রাপ্ত। প্রতিবছর নিরপেক্ষ অডিট প্রতিষ্ঠান কোস্ট এর আর্থিক বিষয়াদি অডিট করে। কোস্ট ওয়েবসাইট www.coastbd.net এ সংস্থার নৌতিমালাসমূহ, অডিট রিপোর্ট, কর্মসূচির অগ্রগতিসহ প্রয়োজনীয় প্রায় সকল তথ্য দেওয়া আছে।
৪. বর্তমানে কোস্ট উপকূলীয় ৯টি জেলা; ভোলা, কক্ষবাজার, চট্টগ্রাম, নোয়াখালি, ফেনী, লক্ষ্মীপুর, পটুয়াখালি, বালকাঠি ও বরিশালে কাজ করছে। সংস্থার প্রায় ১৫০০ জন কর্মী, ৯৮টি অফিস, ৫টি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। ঢাকাসহ কেন্দ্রীয় অফিসসহ আরো ৮টি অফিস সংস্থার নিজস্ব জায়গায় অবস্থিত। ক্ষুদ্র ঝণ ও অন্যান্য প্রকল্পের মাধ্যমে কোস্ট প্রায় ১২ লক্ষ পরিবারের সাথে সরাসরি কাজ করছে। সংস্থার বার্ষিক বাজেট প্রায় ৬১৭.৯২ কোটি টাকা। দুর্ঘটনাকালীন সময়ে পরিবহন ও যাতায়াতের জন্য সংস্থার রয়েছে তিনি জিপ, ২টি ইঞ্জিন বোট ও তিনি গাড়ি।
৫. বর্তমানে যে যে সংস্থার সাথে অংশীদারিত্বের বিভিন্ন কর্মকাণ্ড বাস্তবায়ন করছে তাদের মধ্যে আছে- বাংলাদেশ সরকার, UNICEF, WFP, PKSF, MJF, IFAD, WorldFish, USAID, IOM, TEARFUND, UNHCR ইত্যাদি।
৬. কোস্ট বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক এলায়েন্স ও নেটওয়ার্কের সদস্য, UNFCC, SDG Forum, Asian Democracy Alliance, CANSA, RTI Forum, EWG ইত্যাদি। এছাড়া কোস্ট UN ECOSOC এর বিশেষ মর্যাদাপ্রাপ্ত সংস্থা।
৭. কোস্ট সংস্থার সকল পর্যায়ে ভালো ব্যবস্থাপনা চর্চা এবং সংস্থার সদস্য ও উপকারভোগীদের নিকট জ্বাবদিহিতা নিশ্চিত করার জন্য হ্যাপ নামক জেনেভাভিত্তিক একটি প্রতিষ্ঠান কর্তৃক পর পর দুইবার সার্টিফিকেট পেয়েছে। ব্যবস্থাপনার গুণগত মান এবং জ্বাবদিহিতার কয়েকটি নির্দেশক যাচাই করে এই সার্টিফিকেট প্রদান করা হয়। এটি একটি সংস্থায় জ্বাবদিহিতা চর্চা ও ভালো কাজের স্বীকৃতি।
৮. কোস্ট ভালো ব্যবস্থাপনা চর্চার ক্ষেত্রে হ্যাপের ধারাবহিকতায় বর্তমানে Core Humanitarian Standard (CHS) আদর্শমান মেনে চলে এবং এর ৯টি আদর্শমান সংস্থায় চর্চা করে। যেগুলো মূলত: সদস্য ও উপকারভোগীদের সাথে কাজ করা, তাদের চাহিদামতো তাদের মতামতের ভিত্তিতে সময়মত সহায়তা করা, কর্মীদের দক্ষতা বৃদ্ধি ও নিরাগতা নিশ্চিত করা এবং ভালো ব্যবস্থাপনা চর্চা করা। যেকোন প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন এবং মূল্যায়নের জন্য সংস্থা সংশ্লিষ্ট সকলের মতামত নেয় ও তাদের অংশগ্রহণ নিশ্চিত করে সংস্থাটি। এর জন্য গত ২০১৮ সালে HQAI থেকে সার্টিফিকেট পেয়েছে যার মেয়াদ ২০২২ সাল পর্যন্ত।
৯. সংস্থার কর্মকাণ্ড বিষয়ে ভালো-মন্দ, কর্মীদের আচার-আচরণ, নৌতিমালা, কর্ম-কৌশল ইত্যাদি বিষয়ে যেকেউ যেকোন ধরণের মতামত প্রদান ও অভিযোগ করতে পারে। এজন্য সংস্থার অভিযোগ ব্যবস্থাপনা নৌতিমালা আছে। এছাড়াও প্রতিটি প্রতিটি সদস্য পাশ বইয়ে সংস্থার নির্বাহী পরিচালকের মোবাইল নম্বর


Md. Kamal Karim Chowdhury
Executive Director
COAST Trust


Begum Shamsun Nahar
Chairperson-Board of Trustees
COAST Trust

দেওয়া আছে। কোস্ট সদস্যসহ সকলের নিকট থেকে মতামত ও অভিযোগ সাদরে করে এবং সেগুলো আমলে নিয়ে জবাব দেয়। যেকেউ যেকোন তথ্য চাইলে কোস্ট এর তথ্য কর্মকর্তা তা সরবরাহ করে থাকেন।

১০. কোস্ট “সহিংসতা প্রতিরোধে সহায়তা” শিরোনামে একটি আর্থিক সহায়তা ফাউন্ডেশন থেকে উদ্ভৃত অর্থের একটা অংশ ধর্ষণ ও এসিড সন্ত্রাসের শিকার এবং প্রাণিক উচ্ছেদকৃত জনগোষ্ঠীর জন্য ব্যয় করা হয়।

১১. কোস্ট অভিযোগ ও প্রধান তথ্য কর্মকর্তা এবং নির্বাহী পরিচালক এর মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা নিম্নরূপ:

অভিযোগ ও প্রধান তথ্য কর্মকর্তা	মোস্তফা কামাল আকবর, পরিচালক-এডমিন এন্ড এসআর মোবাইল: +৮৮০১৭১১ ৮৫৫৫৯১, ইমেইল: admin@coastbd.net
অভিযোগ গ্রহণ কর্মকর্তা (নারীদের জন্য)	ফেরদৌস আরা রুমী, উপ-পরিচালক-জিটি এন্ড সিআর মোবাইল: +৮৮০১৭১০ ৩২৪৮১০, ইমেইল: rumee@coastbd.net
নির্বাহী পরিচালক	রেজাউল কর্ম চৌধুরী মোবাইল: +৮৮০১৭১১৫২৯৭৯২, ইমেইল: reza@coastbd.net

ডাকযোগে অভিযোগ করা ও তথ্য পাওয়ার ঠিকানা

মেট্রো মেলোডি (২য় তলা), বাড়ি নং-১৩, রোড নং-০২, শ্যামলী, ঢাকা-১২০৭।

ফোন: +৮৮ ০২ ৫৮১৫০০৮২, ৫৮১৫২৮২১, ৫৮১৫২৭৯০, ৫৮১৫২৫৫৫, ৮৮১১৩৭৮৮

রেজাউল কর্ম চৌধুরী
নির্বাহী পরিচালক
কোস্ট ট্রাস্ট

মোহাম্মদ শাহিনুর নাহার
চেয়ারপারসন
বোর্ড অব ট্রাস্ট
কোস্ট ট্রাস্ট